
কোরআনের শিক্ষা ধারণ করে যোগ্য নেতৃত্ব গড়ার আহ্বান জামায়াত আমিরের



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

পবিত্র কোরআনের আদর্শ অনুসরণ করে সমাজ পরিচালনার উপযোগী নেতৃত্ব গড়ে তোলার আহ্বান জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

শুক্রবার (১৬ অক্টোবর) রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে পাঁচ মাসব্যাপী 'হিফজুল কুরআন প্রতিযোগিতা ২০২৬'-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

ডা. শফিকুর রহমান বলেন, পবিত্র কোরআন মানবজাতির জন্য পূর্ণাঙ্গ জীবনবিধান। শুধু কোরআন মুখস্থ করে বা হৃদয়ে ধারণ করলেই হবে না, এর শিক্ষা ব্যক্তি ও সামাজিক জীবনে প্রয়োগের প্রস্তুতিও নিতে হবে।

সমাজের নেতৃত্বে মসজিদের ইমাম ও আলেম-ওলামারা এগিয়ে এলে অনিয়ম, চাঁদাবাজি ও সন্ত্রাস দূর করা সম্ভব হবে বলে আশাবাদ জানান জামায়াত আমির।